

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ফ্যাক্স: +৮৮-০২-৫৫০১৩৫১৮, ওয়েব সাইট: www.berc.org.bd

পত্রসংখ্যা: বিইআরসি/নিয়োগ/প্রশাঃ-২৮৫(অংশ-৩)/০৬২৬

তারিখ: ২৮ ফেব্রুয়ারি ২০১৭

নিয়োগ-বিজ্ঞপ্তি

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনে নিম্নবর্ণিত পদে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রমিক	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	বয়সসীমা (সর্বোচ্চ)	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
০১	পরিচালক (বিদ্যুৎ) টা: ৫৬৫০০-৭৪৪০০/-	০১ (এক)	৪৮ বৎসর	(ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে মাইনিং, বিদ্যুৎ, কেমিক্যাল, প্রাকৃতিক গ্যাস অথবা পেট্রোলিয়াম সংক্রান্ত বিষয়ে দ্বিতীয় শ্রেণীর স্নাতক (প্রকৌশল) ডিগ্রী;
০২	পরিচালক (পেট্রোলিয়াম) টা: ৫৬৫০০-৭৪৪০০/-	০১ (এক)	৪৮ বৎসর	(খ) প্রথম শ্রেণীর পদে অন্যান্য ১৫(পনের) বছর চাকুরীর অভিজ্ঞতা; (গ) পাবলিক পরীক্ষায় অন্যান্য ২ (দুই) টি প্রথম শ্রেণি বা বিভাগ; তবে কোন তৃতীয় শ্রেণী বা বিভাগ গ্রহণযোগ্য হবে না।

শর্তাবলী :

- আগ্রহী প্রার্থীর নাম, পিতার নাম/স্বামীর নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ, বয়স (৩০ মার্চ ২০১৭ তারিখে), জাতীয়তা, নিজ জেলা, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণসহ স্বাক্ষরযুক্ত আবেদনপত্র ও প্রামাণিক দলিল ও সনদপত্র সমূহ ডাকযোগে সচিব, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন, টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫, বরাবর আগামী ৩০ মার্চ ২০১৭ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পাঠাতে হবে। সরাসরি কোন আবেদনপত্র গৃহিত হবেনা।
- আবেদনের সাথে সংযুক্ত করতে হবে :
 - সকল শিক্ষাগত যোগ্যতার মূল/সাময়িক সনদের অনুলিপি (প্রশংসাপত্র/মার্কশীট গ্রহণযোগ্য নয়)।
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি (এক কপি ছবি আঠা দিয়ে দরখাস্তের ডান পাশে লাগিয়ে দিতে হবে)।
 - ১ (এক) কপি চারিত্রিক সনদপত্র (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত)।
 - নাগরিকত্ব সনদপত্র (স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত)।
 - অভিজ্ঞতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)।
 - এতিম, শারীরিক প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা/মুজিবনগর কর্মচারীর সন্তান বা উপজাতীয় বা আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার অনুকূলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতীক্ষারিত সনদপত্রের সত্যায়িত কপি।
 - আবেদনের সঙ্গে 'বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন' এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার যে কোন তফসিলী ব্যাংকের অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা ট্রেসড পোস্টাল অর্ডার সংযুক্ত করতে হবে। এছাড়া ঢাকা শহরের যে কোন তফসিলী ব্যাংক থেকে পে-অর্ডার গ্রহণযোগ্য।
- আবেদনকারীর বয়স ৩০ মার্চ ২০১৭ তারিখ তারিখ সর্বোচ্চ ৪৮ বছর হতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এক্সিডেন্ট গ্রহণযোগ্য হবেনা।
- আবেদনপত্রের খামের উপরে ডানপাশে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।
- সরকার কর্তৃক নির্ধারিত কোটা পদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে।
- সরকারি, আধা-সরকারি দপ্তর/সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত করতে হবে। অগ্রিম কপি গ্রহণযোগ্য নয়।
- ক্রটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে।
- প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।
- নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিবিধান এবং পরিবর্তিত ক্ষেত্রে প্রযোজ্য বিধিবিধান অনুসরণ করা হবে।
- লিখিত পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য কোন রকম ভ্রমণ বা দৈনিক ভাতা (টিএ/ডিএ) প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করার অধিকার সংরক্ষণ করেন।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে কমিশনের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ ফয়জুর রহমান
সচিব